



অবি লম্বে প্রকাশে র উদে শ্যে: 9/22/2021

গভর্নর ক্যাথি হোচুল

অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট (OFFICE OF CANNABIS MANAGEMENT) বোর্ডে নিয়োগ প্রদানের জন্য গভর্নর হোচুলের ঘোষণা

*রিউবেন আর. ম্যাকড্যানিয়েল, III ও জেসিকা গার্সিয়া বোর্ড সদস্য হিসেবে দায়িত্ব
পালন করবেন*

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে রিউবেন আর. ম্যাকড্যানিয়েল, III ও জেসিকা গার্সিয়া অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট বোর্ডে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। ক্যানাবিস কন্ট্রোল বোর্ড (Cannabis Control Board) ও অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট নিউ ইয়র্কের গাঁজা শিল্পের জন্য গাঁজা পণ্য উৎপাদন, লাইসেন্সিং, প্যাকেজিং, বিপণন ও বিক্রয়, ইত্যাদির জন্য একটি সমন্বিত নিয়ন্ত্রণমূলক ফ্রেমওয়ার্ক তৈরি ও বাস্তবায়ন করবে।

"নিউ ইয়র্কের গাঁজা শিল্প অনেক দীর্ঘ সময় ধরে থমকে আছে - আমি অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট এর সফলতার জন্য গুরুত্বপূর্ণ নিয়োগ প্রদান করছি যাতে তারা পুরোদমে কার্যক্রম শুরু করতে পারেন," বলেছেন গভর্নর হোচুল। "আমার বিশ্বাস এই নতুন শিল্পে আমাদের স্টেটকে সামনে এগিয়ে নেয়ার ক্ষেত্রে মি. ম্যাকড্যানিয়েল ও মিস গার্সিয়া পেশাদারিত্ব ও অভিজ্ঞতার সাথে বোর্ডের দায়িত্ব পালন করবেন।"

রিউবেন আর. ম্যাকড্যানিয়েল, III DASNY-এর প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার। মি. ম্যাকড্যানিয়েলের নিয়োগ নিউ ইয়র্ক স্টেট সিনেট 10 জুন, 2020 তারিখে নিশ্চিত করেছে। মি. ম্যাকড্যানিয়েল DASNY-এর প্রশাসন ও কার্যপরিচালনার সামগ্রিক ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত। মি. ম্যাকড্যানিয়েল 2019 সালে পাবলিক ফাইন্যান্স, ব্যক্তিগত সম্পদ ব্যবস্থাপনা, কর্পোরেট ফাইন্যান্স ও বেসরকারি ইকুইটি সহ আর্থিক পরিষেবা খাতে 30 বছরের বেশি অভিজ্ঞতা সমৃদ্ধ একজন দক্ষ ইনভেস্টমেন্ট ব্যাংকার হিসেবে DASNY-তে যোগদান করেন। পাবলিক ফাইন্যান্সে তার ক্যারিয়ারের সময়কালে, তিনি দেশব্যাপী 75 বিলিয়ন ডলারের বেশি কর-মুক্ত বন্ড ইস্যু করার ক্ষেত্রে অংশগ্রহণ করেছেন। এছাড়াও মি. ম্যাকড্যানিয়েল বিনিয়োগের ক্ষেত্রে একটি পরামর্শদাতা ফার্ম প্রতিষ্ঠা করেছেন, যেখানে তিনি বিভিন্ন ধরনের পেশাজীবীদের জন্য 50 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ পোর্টফোলিও ও ব্যবসায়িক সম্পদের ব্যবস্থাপনা করেছেন। তার আগে মি. ম্যাকড্যানিয়েল আটলান্টা বোর্ড অব এডুকেশন ফর পাবলিক স্কুলস (Atlanta Board of Education for Public Schools)-এর সভাপতির দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি নির্বাচনী এলাকার বৈচিত্র্যময় গ্রুপগুলোর নেতৃত্ব দিয়েছেন এবং বাবা-মায়াদের কমিউনিটির কণ্ঠস্বর হিসেবে ভূমিকা রেখেছেন। তিনি শার্লটের ইউনিভার্সিটি

অব নর্থ ক্যারোলিনা (University of North Carolina) থেকে অর্থনীতি ও গণিতে ব্যাচেলর অব আর্টস ডিগ্রি অর্জন করেছেন এবং অস্টিনের ইউনিভার্সিটি অব টেক্সাস (University of Texas) থেকে মাস্টার্স অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিগ্রি অর্জন করেছেন।

জেসিকা গার্সিয়া ফুড সাপ্লাই চেইনের শ্রমিকদের পাশাপাশি খাদ্য ছাড়া অন্য খুচরা বিক্রয় ও স্বাস্থ্যসেবা খাতের শ্রমিকদের প্রতিনিধিত্বকারী একটি জাতীয় পর্যায়ের শ্রমিক ইউনিয়ন, রিটেইল, হোলসেল ডিপার্টমেন্ট স্টোর ইউনিয়নের (Retail, Wholesale Department Store Union, UFCW) প্রেসিডেন্টের সহকারী হিসেবে কর্মরত। তিনি এর আগে RWDSU-এর ডেপুটি পলিটিক্যাল ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি ইউনিয়নের আইনি ও রাজনৈতিক কর্মসূচিসমূহ এগিয়ে নেয়ার জন্য কাজ করেছেন। তার আগে, তিনি নতুন অভিবাসী কমিউনিটির ক্ষমতায়ন (New Immigrant Community Empowerment)-এর প্রোগ্রামস অ্যান্ড অর্গানাইজিং ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং তার ক্যারিয়ারের শুরুর দিকের সময়ে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোর জন্য ন্যায্য তহবিল প্রদানের বিষয়ে কাজ করেছেন। তিনি বর্তমানে নিউ ইয়র্কের নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক কমিটি (New York Committee for Safety and Health) ও অ্যাডভোকেসি ইনস্টিটিউট (Advocacy Institute)-এর বোর্ড সভাপতি, গ্রামীণ ও অভিবাসী মন্ত্রণালয় (Rural & Migrant Ministry) পরিচালনা বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট, এবং কোস্টারিকান-ভিত্তিক সংস্থা, ভিভির এল সুয়েনো (Vivir El Sueno) এর বোর্ড সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। হন্ডুরাস থেকে আসা জেসিকা হান্টার কলেজের (Hunter College) সিলভারম্যান স্কুল অব সোশ্যাল ওয়ার্ক ও হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের (Harvard University) একজন গ্র্যাজুয়েট।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)